গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর জুলাই /২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | এ এস এম মঞ্জুরুল কাদের<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৯-০৭-২০২০ |
| সভার সময় | দুপুর ১২: ০০ ঘটিকা |
| স্থান | অনলাইন মাধ্যম |
| উপস্থিতি | ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন পরিচালক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ০৮-০৬-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | **<u>করোনা ভাইরাস (কোভিড-১৯)</u>**-<br>করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এছাড়াওদেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য বিধি সংক্রান্ত ১২ দফা নির্দেশনা এবং উক্ত নির্দেশনা সহ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য কতিপয় নির্দেশনা প্রদান করেছেন তা মেনে চলতে হবে। অত্যাবশ্যকীয় ব্যতীত সকল সভা ভার্চুয়াল উপস্থিতিতে আয়োজন করতে হবে। করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে এই করণীয় সম্পর্কে স্টাফদের জ্ঞাত করাতে হবে । | সবাইকে স্বাস্থ্য বিধি মেনে সতর্ক থাকা এবং সকল কর্মকর্তা কর্মচারীকে সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ এবং নির্দেশনাবলী যথাযথভাবে পালন করার ব্যপারে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| ০২ | **প্রশাসনিক কাজ-**<br>Ict team বানানোর প্রস্তাব করেন উপপরিচালক (পরিকল্পনা ও পিএসসি) জনাব মেহেদী হাসানকে কে টিম লিডার করে Ict team গঠনের ব্যাপারে আলোচনা হয়।। টিমে সবাইকে সম্পৃক্ত করার ব্যাপারে সিদ্ধান্ত হয়। মাননীয় প্রতিমন্ত্রির সভাপতিত্বে গত ১০ মে ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য সমন্বয় সভার কার্যবিবরণী মোতাবেক আমাদের কার্যক্রম গ্রহণ করতে হবে।পাওয়ার সেলের অভিজ্ঞতা কাজে লাগিয়ে জ্বালানি বিভাগের জন্য কি কি ভবিষ্যৎ কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।পাওয়ার সেলের সাথে যোগাযোগ স্থাপনের ব্যাপারে উপ- পরিচালক জনাব মেহেদী হাসানকে দায়িত্ব প্রদান করা হয়। হাইড্রোকার্বন ইউনিট এর"Capacity Building of Human Resources And Petroleum Resources Management" প্রকল্পে Assesment, Resviour,Manpower Develop, Capacity building এই ৪ টি রিপোর্ট এর কথা বলা হয়েছে। কোভিড-১৯ এনার্জি এর উপর Impact অর্ন্তভুক্ত করতে হবে। এলএনজি খাতে কোভিড-১৯ এর কি প্রভাব তা অর্ন্তভুক্ত করতে হবে। প্রশিক্ষণ খাতে সহযোগিতার জন্য IFC, World Band এবং ADB এ ধরনের দাতা সংস্থার সাথে যোগাযোগ করতে হবে; | পাওয়ার সেলের অভিজ্ঞতা কাজে লাগিয়ে জ্বালানি বিভাগের জন্য কি কি ভবিষ্যৎ কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।পাওয়ার সেলের সাথে যোগাযোগ স্থাপন করতে হবে। |
| ০৩ | **ইআরপি**<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জন্য সমন্বিত ইআরপি ও অন্তর্বতীকালীন ড্যাশবোর্ড বর্তমানে ট্রায়াল অপারেশন চলতেছে। সব প্রতিষ্ঠান তাদের নিজস্ব অংশ যাচাই করতেছে।আর ড্যাশবোর্ডে বিভিন্ন গ্রাফের লেবেলিং এ কিছু প্রদর্শনগত ক্রুটি ছিল যা সমধান করা হয়েছে।বিএমডি তাদের পক্ষ থেকে তাদের স্লাইডে কিছু পরিবর্তনের কথা বলে যা সভায় আলোচনা করা হয়।এছাড়া ড্যাশবোর্ডে সকল প্রতিষ্ঠানের অডিট আপত্তি সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত করার ব্যাপারে সিদ্ধান্ত হয়। Mobile versionএর ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও মোবাইল অ্যাপসের কার্যক্রমএবং এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম যেমন গুগল প্লেস্টোর এবং এপস স্টোরেআপলোড করা সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | সহকারী পরিচালক রির্জাভয়ার ও প্রডাকশন জনাব শিহাব মাহমুদকে টেন্ডার বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করার নির্দেশ দেযা হয়। |
| ০৪ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-**<br>২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া নির্দেশিকা, চুক্তির কাঠামো, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের নির্দেশিকা সম্পর্কে আলোচনা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি সম্পর্কে জোর প্রদান করা হয়। |

| | | |
|---|---|---|
| ০৫ | **<u>ইনোভেশন</u>**- জনগণের দোর গোড়ায় সরকারি সেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি এবং সেবাকে অধিকতর জনবান্ধব করার জন্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। জনপ্রশাসনে কাজের গতিশীলতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যেগ গ্রহণ করা হয়েছে।হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ২০২০-২০২১ নিয়ে আলোচনা হয়। | ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। |
| ০৬ | **<u>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</u>**<br>শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পর্যালোচনা করা হয়। ২০২০-২১ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় সম্পর্কে আলোচনা হয়। | শুদ্ধাচারের নির্দেশিত কার্যাবলি সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৭ | ই- নথি:<br>ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্তে ই- নথি কার্যক্রমের সূচনা হয় । হাইড্রোকার্বন ইউনিটের ই –নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে আলোচনা হয়।তেল,গ্যাস ও খনিজ সম্পদ এর সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে ঠিকানা সংগ্রহ করে তাদেরকে ই-নথিতে পত্রজারির মাধ্যমে ডাটা চাওয়ার ব্যাপারে আলোচনা হয় । | মন্ত্রণালয় ভিত্তিক অধিদপ্তর সংস্থার ক্যাটাগরি (ছোট) জরিপে হাইড্রোকার্বন ইউনিটের অবস্থান প্রথম দিকে নেয়ার জন্য ই- নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় । |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০২.১৯.১৫৬

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৭
১৩ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), হাইড্রোকার্বন ইউনিট

২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট

৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট

৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট

৫) সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
৬) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) , হাইড্রোকার্বন ইউনিট

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক